

(Objectivity) কমে যায়। তা ছাড়া মানুষের বিশেষ মানসিক ক্ষমতা, সাধারণ মানসিক ক্ষমতা বা বুদ্ধির সহায়তা ছাড়া পরিপূর্ণভাবে কার্যকরী হয় না। তাই যে কোন বিশেষ মানসিক ক্ষমতাসংক্রান্ত মানকে ব্যক্তির বুদ্ধির পরিপ্রেক্ষিতে বিচার করা উচিত।

## বিশেষ ক্ষমতার অভীক্ষায় উপযোগিতা Uses of special ability test

অভীক্ষার  
ফলাফলের  
প্রয়োগ-  
ক্ষেত্র

বিশেষ ক্ষমতা পরিমাপক অভীক্ষার ফলাফলকে আমরা বিদ্যালয়ে নানা কাজে ব্যবহার করতে পারি। তবে এইসব ক্ষেত্রে ব্যবহারের সময় আমাদের পূর্বোক্ত মন্তব্যটির কথা স্মরণ রাখতে হবে। অর্থাৎ, অভীক্ষায় প্রাপ্ত মানকে বিচার করার সময় অন্যান্য পরিমাপের পরিপ্রেক্ষিতে বিচার করাই বাঞ্ছনীয়। তবেই এই অভীক্ষার পরিমাপ বিদ্যালয়ে বিভিন্ন ধরনের কর্মপরিকল্পনার ক্ষেত্রে বিশেষ উপযোগী হবে। যে সব কাজে এই অভীক্ষার ফলাফল ব্যবহার করা যায়, সেগুলির কথা নীচে উল্লেখ করা হল।

(1) বিশেষ মানসিক ক্ষমতার অভীক্ষার ফলাফল শিক্ষার্থীদের শিক্ষামূলক নির্দেশনা (Educational guidance) দানের ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয়। শিক্ষার্থীদের জন্য পাঠ্য বিষয় নির্বাচনের ক্ষেত্রে, তাদের বিশেষ ক্ষমতার উপর গুরুত্ব দেওয়া উচিত। তাই শিক্ষার্থীদের জন্য পাঠ্য বিষয় নির্বাচন করার সময় এই ধরনের অভীক্ষার প্রয়োগ একান্তভাবে প্রয়োজন।

(2) শিক্ষার্থীদের বৃত্তিমূলক নির্দেশনা (Vocational guidance) দেওয়ার ক্ষেত্রে এই অভীক্ষার ফলাফল নির্দেশকের জন্য প্রয়োজন। কারণ, ব্যক্তির বৃত্তিজীবনের সফলতা বিশেষভাবে তার বিশেষ সন্তানার উপর নির্ভর করে।

(3) শিক্ষার্থীদের জন্য কর্মশিক্ষার (Work education) নির্দিষ্ট কর্ম নির্বাচনের জন্য এই জাতীয় অভীক্ষার ফলাফল কাজে লাগে। বিশেষ ক্ষমতার অনুকূল কাজ শিক্ষার্থীদের দিতে পারলে, তারা সেই কাজে আগ্রহী হয় এবং ঐ শিক্ষার দ্বারা ব্যক্তির সামাজিক যোগ্যতা বৃদ্ধি পায়।

(4) শিক্ষার্থীদের জন্য সহপাঠ্যক্রমিক কার্যাবলী নির্বাচনের ক্ষেত্রে বা অবসরযাপনের জন্য শিক্ষার (Education for leisure) পরিকল্পনা রচনার ক্ষেত্রে এই অভীক্ষার ফলাফল শিক্ষককে সহায়তা করে। কারণ, শিক্ষার্থীদের বিশেষ ক্ষমতা অনুযায়ী সহপাঠ্যক্রমিক কাজ নির্বাচন করতে দিলে, তাদের সফলতা ও আনন্দ দুই-ই আসে।

(5) কোন শিক্ষালয়ে ছাত্র ভর্তি করার সময়, পাঠ্যক্রমের পরিপ্রেক্ষিতে আবেদনকারীদের বিশেষ মানসিক ক্ষমতা বিচার করে দেখার প্রয়োজন। তাই শিক্ষালয়ে নতুন ছাত্র নির্বাচনের (Selection) ব্যাপারে এই জাতীয় অভীক্ষা সাহায্য করে।

(6) বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ ক্ষমতাভিত্তিক দল (Ability grouping), স্বাভাবিক নিয়মে গঠিত হয়। অর্থাৎ, একই ধরনের বিশেষ ক্ষমতা ও আগ্রহসম্পন্ন শিক্ষার্থীরা উপদল (Clique) তৈরী করে। তাই শিক্ষার্থীদের সামাজিক জীবন সম্পর্কে পরিপূর্ণ ধারণা পেতে হলে শিক্ষকের তাদের এই বিশেষ মানসিক ক্ষমতা সম্পর্কে জানা একান্তভাবে প্রয়োজন।

মন্তব্য

বিশেষ মানসিক ক্ষমতার পূর্বোক্ত উপযোগিতা আছে বলে, এই সংক্রান্ত অভীক্ষাগুলো বর্তমানে বিদ্যালয়ে শিক্ষার্থীদের আচরণ মূল্যায়নের ক্ষেত্রে বিশেষভাবে ব্যবহার করা হয়ে থাকে। তবে আমরা এখানে যে সকল অভীক্ষার বর্ণনা দিয়েছি, সেগুলি এক একটি কর্মক্ষেত্রের ক্ষমতাকে পরিমাপ করে। কিন্তু শিক্ষার্থীদের মধ্যে বিশেষ ক্ষমতার দিক থেকে স্বাতন্ত্র্য থাকে। তাই এইরূপ কোন একটি অভীক্ষা প্রয়োগ করে বলা মুশকিল বিশেষ শিক্ষার্থীর কি ধরনের ক্ষমতা আছে। এই এক একটি অভীক্ষা দিয়ে বলা যায়, কোন শিক্ষার্থীর ঐ বিশেষ ক্ষমতা (Special ability) তাৎপর্যপূর্ণভাবে আছে কি নেই। কিন্তু না থাকলে অন্য কোনটি আছে তা জানা যায় না। এই অসুবিধা দূর করার জন্য বর্তমানে বিশেষ ক্ষমতা পরিমাপের

বিশেষ মানসিক ক্ষমতাবলী

ক্ষেত্রে এক ধরনের অভীক্ষাগুচ্ছ ব্যবহার করা হয়। যার দ্বারা মোটামুটিভাবে শিক্ষার্থীর কোন বিশেষ ধরনের ক্ষমতা আছে, তা নির্দেশ করা যায়। এই জাতীয় অভীক্ষাগুচ্ছগুলিকে বলা হয় ডিফারেন্সিয়াল অভীক্ষা (Differential aptitude test)। বিদ্যালয়ে শিক্ষার্থীদের বিশেষ ক্ষমতা নির্ধারণ করার জন্য এই অভীক্ষাগুলি খুবই কার্যকরী।